

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.০১০.২০১৬- ৪:০৪

তারিখ : ০৭/০২/১৬


বিষয় : রীট পিটিশন নং-৫০২/২০১৬, বাদী জনাব এ.টি.এম নুরুল বশর চৌধুরী, পিতা-মৃত হাবিবুর রহমান চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার, গ্রাম-চেয়ারম্যানবাড়ি, আলী আকবর ডাঙা, উপজেলা-কুতুবদিয়া, জেলা-কক্সবাজার-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।

কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব এ.টি.এম নুরুল বশর চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্তকরনের আদেশকে চ্যালেঞ্জ করে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৫০২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দণ্ডের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


০৭.০২.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক
কক্সবাজার।

২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রত্নিট ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।